রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ১৮, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ

ব্যাংকিং অনুবিভাগ

শাখা-১০

প্রজ্ঞাপন

তারিখ, ৩০শে চৈত্র ১৪০৬/১৩ই এপ্রিল ২০০০

এস, আর, ও নং ৯৩-আইন/২০০০—যেহেতু গ্রামীণ ব্যাংক এই মর্মে সরকারের অনুকূলে অংগীকার করিয়াছে যে, ০১-০১-৯৭ তারিখ হইতে ৩১-১২-২০০০ ইং তারিখ পর্যন্ত মেয়াদকালে গ্রামীণ ব্যাংকের আয়ের উপর আরোপনীয় আয়কর, সুপার ট্যাক্স ও ব্যবসায় মুনাফা কর প্রদান হইতে উক্ত ব্যাংককে অব্যাহতি দেওয়া হইলে উক্ত ব্যাংক পুনর্বাসন তহবিল গঠন করিয়া সমস্ত লভ্যাংশসহ উক্ত করের অর্থ পুনর্বাসন তহবিলে জমা করিবে এবং উক্ত তহবিল প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত সদস্যদের পুনর্বাসনের কাজে ব্যবহার করিবে;

সেহেতু The Grameen Bank Ordinance, 1983 (Ordinance, No. XLVI of 1983) এর section 33 তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ০১-০১-১৯৯৭ তারিখ হইতে ৩১-১২-২০০০ ইং তারিখ পর্যন্ত মেয়াদকে এইরূপে মেয়াদ হিসাবে নির্ধারণ করিল যে, উক্ত মেয়াদকালে গ্রামীণ ব্যাংকের আয়ের উপর আরোপনীয় আয়কর, সুপার ট্যাক্স বা ব্যবসায়িক মুনাফা কর উক্ত ব্যাংককে প্রদান করিতে হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুহাম্মদ শাহ্ আলম

উপ-সচিব (ব্যাংকিং নীতি-২)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।



মূল্যঃ টাকা ১.০০